

অধ্যাপক আব্দুল্লাহ ইউজিসির নতুন সদস্য

তানজীমউদ্দিনের পদত্যাগপত্র গ্রহণ

নিজস্ব প্রতিবেদক

২৪ মে ২০২৬, ১২:০০ এএম



নতুন ধারার দৈনিক

আমাদের সময়

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের (ইউজিসি) পূর্ণকালীন সদস্য হিসেবে নিয়োগ পেয়েছেন ড. আব্দুল্লাহ-আল-মামুন। গতকাল শনিবার এ সংক্রান্ত প্রজ্ঞাপন জারি করেছে শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ। একই সঙ্গে ইউজিসির আরেক সদস্য অধ্যাপক মোহাম্মদ তানজীমউদ্দিন খানের পদত্যাগপত্র গ্রহণ করেছে সরকার। তাকে পূর্বের কর্মস্থলে যোগদানের অনুমতিও দেওয়া হয়েছে।

প্রজ্ঞাপনে বলা হয়, বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন আইন, ১৯৭৩ অনুযায়ী ড. আব্দুল্লাহ-আল-মামুনকে আগামী চার বছরের জন্য ইউজিসির পূর্ণকালীন সদস্য হিসেবে নিয়োগ দেওয়া হয়েছে। যোগদানের তারিখ থেকেই এ নিয়োগ কার্যকর হবে। ইতোমধ্যে তিনি কমিশনের চেয়ারম্যানের কাছে যোগদানপত্র জমা দিয়েছেন।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের জাপানিজ স্টাডিজ বিভাগের অধ্যাপক ড. আব্দুল্লাহ-আল-মামুন জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে শিক্ষা ও গবেষণায় সুপরিচিত। উন্নয়ন পরিকল্পনা, আন্তর্জাতিক উন্নয়ন সহযোগিতা, উন্নয়ন সমাজবিজ্ঞান ও রাজনৈতিক সমাজবিজ্ঞান তার গবেষণার প্রধান ক্ষেত্র। আন্তর্জাতিক বিভিন্ন জার্নাল ও প্রকাশনা সংস্থা থেকে তার ৫০টির বেশি গবেষণা প্রবন্ধ ও বই প্রকাশিত হয়েছে। এ ছাড়া বাংলাদেশ সরকারের অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, মন্ত্রিপরিষদ বিভাগ ও বাণিজ্য মন্ত্রণালয়সহ বিভিন্ন আন্তর্জাতিক সংস্থায় বিশেষজ্ঞ হিসেবে কাজ করেছেন তিনি।

অন্যদিকে ইউজিসির পূর্ণকালীন সদস্য অধ্যাপক মোহাম্মদ তানজীমউদ্দিন খানের পদত্যাগপত্র জমা দেওয়ার এক মাস পর তা গ্রহণ করেছে সরকার। গত বৃহস্পতিবার জারি করা পৃথক প্রজ্ঞাপনে তাকে দায়িত্ব থেকে অব্যাহতি দিয়ে আগের কর্মস্থলে যোগদানের অনুমতি দেওয়া হয়।

উল্লেখ্য, ২০২৪ সালের ৫ আগস্টের গণ-অভ্যুত্থানের পর ওই বছরের ১২ সেপ্টেম্বর ঢাকা বিশ্ববিদ্যালয়ের আন্তর্জাতিক সম্পর্ক বিভাগের

অধ্যাপক তানজীমউদ্দিন খানকে চার বছরের জন্য ইউজিসির সদস্য নিয়োগ দেওয়া হয়েছিল। তবে মেয়াদ শেষ হওয়ার আগেই চলতি বছরের ২৩ এপ্রিল তিনি পদত্যাগপত্র জমা দেন।